



# সাঁথিয়া পৌরসভা কার্যালয়

সাঁথিয়া, পাবনা।

E-mail: santhiamunicipal@gmail.com

স্মারক নং : সাঁথিঃ/পৌঃ/প্রকৌঃ/ঠিকাদারী লাইসেন্স/২০২৫-২০২৬/৩৪৮

তারিখঃ ২৭/০৮/২০২৫খ্রিঃ

## ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও তালিকাভুক্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সাঁথিয়া পৌরসভার ঠিকাদার/নতুন তালিকাভুক্তি হতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২০২৬ খ্রি: অর্থ বছরের জন্য পিপিআর-২০০৮ (সংশোধনী) সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্যক্রমের লক্ষ্যে ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তিকরণ নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী ও শর্ত সাপেক্ষে সম্পাদন করা হইবে। নতুন ঠিকাদারী লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে, (ক) অত্র পৌরসভা হতে চলতি অর্থ বছরের ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট সংক্রান্ত সনদ (গ) আয়কর (TIN) এর সনদ (ঘ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি (ঙ) ব্যাংক স্ট্রেটমেন্ট (চ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (ছ) নাগরিকত্ব সনদ (জ) হোল্ডিং ট্যাক্স ও পানির বিল (যদি সংযোগ থাকে) পরিশোধের রসিদ (ঝ) জাতীয় পরিচয়পত্রসহ আগামী ১৮/০৯/২০২৫ খ্রি: তারিখের মধ্যে পৌরসভার নির্ধারিত আবেদন ফরম (ফরম মূল্যঃ ১০০০/- টাকা) গ্রহণ পূর্বক অত্র পৌরসভার প্রকৌশল শাখায় আবেদন জমা প্রদান করতে হইবে। প্রাপ্ত আবেদনপত্র মূল্যায়ন কমিটি দ্বারা যাচাই-বাছাই পূর্বক ঠিকাদার তালিকাভুক্তি করা হইবে। পরবর্তীতে নির্ধারিত তালিকাভুক্তির ফি/নবায়নের ক্ষেত্রে নবায়ন ফি যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে বিডি/সিডি/পে-অর্ডার আকারে প্রশাসক, সাঁথিয়া পৌরসভা, পাবনা অনুকূলে জমা প্রদান করে ঠিকাদারী লাইসেন্স গ্রহণ করতে হইবে। নবায়নের ক্ষেত্রে (ক) অত্র পৌরসভা হতে চলতি অর্থ বছরের ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট সংক্রান্ত সনদ (গ) আয়কর (TIN) এর সনদ (ঘ) হোল্ডিং ট্যাক্স ও পানির বিল (যদি সংযোগ থাকে) পরিশোধের রসিদ এবং পৌরসভা হতে প্রদানকৃত লাইসেন্স বহি: প্রকৌশল শাখায় জমা প্রদান করতে হইবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে অত্র পৌরসভার প্রকৌশল শাখা থেকে জানা যাইবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন ঠিকাদারী লাইসেন্স বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখ্য যে, ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তি/নবায়ন ব্যতিত ২০২৫-২০২৬ খ্রি: অর্থ বছরের সীমিত দরপত্র পদ্ধতির আওতায় দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

ট্রেড লাইসেন্স ফি	নতুন তালিকাভুক্তি/নবায়ন ফি (১৮-০৯-২০২৫ খ্রি: পর্যন্ত)	নতুন তালিকাভুক্তি/নবায়ন ফি ২৫% জরিমানাসহ (৩০-০৯-২০২৫ খ্রি: পর্যন্ত)	নতুন তালিকাভুক্তি/নবায়ন ফি ৫০% জরিমানাসহ (১৬-১০-২০২৫ খ্রি: পর্যন্ত)	নতুন তালিকাভুক্তি/নবায়ন ফি ১০০% জরিমানাসহ (৩০-১০-২০২৫ খ্রি: পর্যন্ত)
২,০০০/-	৫,০০০/-	৬২৫০/-	৭,৫০০/-	১০,০০০/-

বিঃদ্র: উল্লিখিত ফি এর উপর ১৫% ভ্যাট ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করতে হবে।

স্বাক্ষরিত/-  
প্রশাসক  
সাঁথিয়া পৌরসভা  
পাবনা।

স্মারক নং : সাঁথিঃ/পৌঃ/প্রকৌঃ/ঠিকাদারী লাইসেন্স/২০২৫-২০২৬/৩৪৮/১(১০)

তারিখঃ ২৭/০৮/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি/বহুল প্রচারের জন্য অনুরোধ করা হইলঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, পাবনা।

৩। উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা।

৪। উপজেলা প্রকৌশলী/জনস্বাস্থ্য প্রকৌশলী, সাঁথিয়া, পাবনা।

৫। সহায়তা কমিটির সদস্য.....(সকল), সাঁথিয়া পৌরসভা, পাবনা।

৬। পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী/হিসাবরক্ষণ কর্মকর্তা/উপ সহকারী প্রকৌশলী/লাইসেন্স পরিদর্শক, সাঁথিয়া পৌরসভা, পাবনা।

৭। সম্পাদক, খবরবাংলা, পাবনা পত্রিকা, বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হইল।

৮। নোটিশ বোর্ড, সাঁথিয়া পৌরসভা, পাবনা।

৯। Santhia Paurashava Website: www.santhiapaurashava.gov.bd

১০। অফিস কপি।

স্বাক্ষরিত/-  
প্রশাসক  
সাঁথিয়া পৌরসভা  
পাবনা।